

# কলকাতার কড়চা

কলকাতা সোমবার ১২ এপ্রিল ২০২১

বইয়ের মুখবন্ধে চমৎকার লিখেছেন শশী তারুর— মানব উন্নয়ন সূচক বা জিডিপি-রও ও পারে, কোনও দেশের অগ্রগতির মাপকাঠি হতে পারে 'ছুটি সূচক'। ভারতে সরকারি ছুটির তালিকা বোঝায়, বিশ্বের অন্য মানুষের চেয়ে ভারতীয়রা ছুটি কাটান বেশি, স্বাধীনতা বা প্রজাতন্ত্র দিবস থেকে ধর্মগুরু ও মনীষীদের জন্মদিন, এই পার্সি নওরোজ তো ওই মহরম। এ দেশ বিশ্ব ছুটি সূচকে ফার্স্টবয় হবে। ছুটি ঘিরে থাকে পালাপার্বণ-উৎসব-উদযাপনকে। উৎসবের আলো আসলে এ দেশের ভাষা, ধর্ম, ভূগোল, সমাজ, সংস্কৃতির বিপুল বৈচিত্র্যের আলো। ওমাম, দুর্গাপূজা বা হোলি এখানে কৃষি ও ধর্মের পরিসর অতিক্রম করে পৌঁছেছে ধর্মনিরপেক্ষ সর্বজনীনতার, ইদ-ক্রিসমাসের একত্রভোজ পারিবারিক গতি পেরিয়ে সামাজিকতায় উদ্ভীর্ণ। কাশ্মীর থেকে কন্যাকুমারী এই উৎসবময়তাই গড়ে দিয়েছে এ দেশের সমৃদ্ধ ঐতিহ্য। আর সেই ঐতিহ্যকেই বর্ণিল আলোকচিত্রে ও লেখায় বেঁধেছেন কলকাতার সজল ঘোষ ও ইয়েল সিলিমান, *ইন্ডিয়া ইন সেলিব্রেশন* (রূপালি প্রকাশনী)

## জীবনের ছবিতে মাখা উৎসবের রং



বইয়ে। গতকাল, ১১ এপ্রিল সন্ধ্যায় বেঙ্গল রুাবে গুণিজন-উপস্থিতিতে প্রকাশিত হল বইটি। গত পাঁচ বছর ধরে ভারতের ২৭টি মেলা ও উৎসব ক্যামেরাবন্দি

করেছেন কর্পোরেট সংস্থার উচ্চপদাধিকারী সজলবাবু। ছবি তোলা তাঁর নেশা, দুশোরও বেশি ছবি এ বইয়ের প্রাণ। খাজুরাহো নৃত্যোৎসব, গোয়া কার্নিভাল, নেহরু

ট্রফি বোট রেস-এর ছবি যেমন ধরা তাঁর ক্যামেরায়, তেমনই কেরলের থেইয়াম, পুন্নিকালি, অসমের বিহু, পুরুলিয়ার ছৌ, লাদাখের হেমিস-এর মতো শতাব্দীপ্রাচীন উদযাপনও।

রথযাত্রা, লাঠমার হোলি, পুঙ্কর, কুন্ড ও গঙ্গাসাগর মেলার পাশেই বিহারের সোনপুর মেলা বা বিকানেরের ক্যামেল ফেস্টিভ্যাল, কেরলের জালিকট্টু বা কনটিকের কাখালা উৎসবের পাশে বারাণসীর দেব দীপাবলি, মহারাষ্ট্রে গণপতি উৎসব, নাগাল্যান্ডের হনবিল ফেস্টিভ্যাল। ইংরেজি ক্যালেন্ডার মাথায় রেখে জানুয়ারি থেকে সাজানো হয়েছে উৎসবগুলি, যদিও অনেক উদযাপনই চলে কয়েক মাস ধরে। উপযুক্ত তথ্যের সঙ্গতে ইয়েল সিলিমানের লেখা উৎসব-পরিচিতি ছবিগুলির আকর্ষণ বাড়িয়ে দিয়েছে আরও। শহর কলকাতাও এই বইয়ের অনেকটা জুড়ে। দুর্গাপূজো, ক্রিসমাস, ইদ এ শহরেরও প্রাণের উৎসব; প্রাক-পুজোর কুমোরটুলি (ছবিতে) থেকে শোভাবাজার রাজবাড়ি, বাগবাজারের মণ্ডপে সিঁদুরখেলার তুপ্তি আর বিসর্জনের বিঘাদ, ক্রিসমাসমুখর বো ব্যারাক, পার্ক স্ট্রিট আর সেন্ট পল'স ক্যাথিড্রাল, রেড রোডে ইদের নমাজ, ভিটেক্স কার র্যালির আভিজাত্য আর আন্তর্জাতিক পুস্তকমেলায় বইয়ের উৎসাহ বৃদ্ধি দেয়, বছরভর নানা উৎসবই এই শহরের প্রাণভোমরা।